রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ২১, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/২১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩৫৪-আইন/২০২৬।—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, লালমনিরহাট জেলার লালমনিরহাট পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে লালমনিরহাট জেলার লালমনিরহাট উপজেলার নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে এতদ্দ্বারা শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিল, যথা:—

ক্রম	উপজেলার নাম	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে এল নং	দাগ নং
১	আদিতমারী	সাপ্টিবাড়ী	খাতাপাড়া	১৫	৩০০১-৪২২৩
২	আদিতমারী	সাপ্টিবাড়ী	সাপ্টিবাড়ী	১৬	৪১৫৮, ৪৩০০-৪৩৩৩, ৪৩৩৬-৪৩৪৮
৩	লালমনিরহাট সদর	মহেন্দ্রনগর	হাড়িভাঙ্গা	১৯	৭৩৯-৭৪৩, ৭৪০, ৮৪৪, ৮৪৯-৮৬৮, ৮৯২-৯৩৩, ৯৩৬-৯৩৮, ১০০১-১০৩৪, ১১০১-১২৫৩, ১৩০১-১৪৫১, ১৫০১-১৬৭৫, ১৭০১-১৭৩৬, ১৭৫৩-১৭৭৭, ১৭৩৭-১৭৭৯, ১৮০১-১৮৮২, ১৮৮৪-১৯৮১, ২১৪৭-২১৫৩, ২১৫৯-২১৬৮
৪	লালমনিরহাট সদর	মহেন্দ্রনগর	তেলীপাড়া	২২	১-৭১, ৭৩, ১০৬২-১০৬৬

মূল্য : টাকা ৪.০০

২। উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক উপরিউক্ত শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্তকরণ সংক্রান্ত এই প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে এবং উপ-ধারা (৪) এর বিধান মোতাবেক সরকার উক্তরূপ উত্থাপিত আপত্তি ৩ (তিন) মাসের মধ্যে নিষ্পত্তি করিবে।

৩। বিগত ১১ সেপ্টেম্বর ২০০৪ তারিখে সরকারি গেজেটে প্রকাশিত স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৭২-আইন/২০০৪, তারিখ: ৭ সেপ্টেম্বর ২০০৪ এতদ্দ্বারা রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শাহেদ মোস্তফা
যুগ্মসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd